OBHIZATRIK FOUNDATION
CHANGING BANGLADESH SINCE 2010

رمضان كريم

রমজানের আহ্বান

যাকাত ও সাদাকাহ নির্দেশিকা

রমজান ১৪৪৮ হিজরি · ২০২৭

ZAKAT & SADAQAH GUIDE
RAMADAN 2027

01 / THE SPIRIT OF RAMADAN

আত্মশুদ্ধি ও দানের মাস

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

রমজান শুধু রোজার মাস নয়; এটি দান, আত্মশুদ্ধি ও সৎকর্মের মাস।

এ মাসে যাকাত ও সাদাকাহ বিশেষ গুরুত্ব পায়, কেননা মানুষের প্রতি উদারতা প্রকাশ করা শুধু দানের মধ্যেই সীমাবদ্ধ নয়; এটি আত্মার পরিশুদ্ধি ও সমাজে ভালোবাসার বন্ধন দৃঢ় করার এক অনন্য সুযোগ। রমজানের বরকতময় সময়কে কাজে লাগিয়ে আমরা সহযোগিতার হাত বাড়িয়ে দিতে পারি, যাতে এই মাস সত্যিই কল্যাণের প্রতীক হয়ে ওঠে আমাদের জীবনে।

ইসলামে যাকাত একটি গুরুত্বপূর্ণ ইবাদত ও আর্থিক ব্যবস্থা, যা ধনী ও দরিদ্রের মধ্যে সম্পদের ভারসাম্য রক্ষা করে। এটি ইসলামের পাঁচটি স্তম্ভের একটি, যা সামর্থ্যবান মুসলমানদের জন্য ফরজ। যাকাত মূলত দরিদ্র, মিসকিন, ঋণগ্রস্ত এবং আর্থিকভাবে অসহায়দের সহায়তার জন্য ব্যবহৃত হয়, যাতে তারা ভবিষ্যতে কারো সাহায্যের ওপর নির্ভরশীল না থাকে।

> وَأَقِيمُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ وَارْكَعُوا مَعَ الرَّاكِعِينَ
>
> “তোমরা সালাত প্রতিষ্ঠা কর এবং যাকাত প্রদান কর, রুকুকারীদের সাথে রুকু কর।”
>
> সূরা আল-বাকারা, আয়াত ৪৩

যাকাত ক্যালকুলেটর

সম্পদের তথ্য লিখুন, যাকাতের পরিমাণ জানুন এবং সাথে সাথে যাকাত আদায় করুন।

obhizatrik.org/zakat-calculator

অভিযাত্রিক ফাউন্ডেশন এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত (নিবন্ধন নং ৩৩০১/২০২২) একটি অলাভজনক উন্নয়ন সংস্থা। যাকাত সংক্রান্ত যেকোনো প্রশ্নে কল করুন **01701666300**

02 / YOUR ZAKAT

তিন ধাপে আপনার যাকাত

নিসাব পরিমাণ সম্পদ এক চান্দ্রবছর ধরে থাকলে মোট নিট সম্পদের ২.৫% যাকাত ফরজ।

০১

সম্পদ যোগ করুন

নগদ ও ব্যাংক জমা, স্বর্ণ-রূপা, ব্যবসার পণ্য, শেয়ার ও বিনিয়োগ, পাওনা

০২

দেনা বাদ দিন

তাৎক্ষণিক পরিশোধযোগ্য ঋণ ও বকেয়া বাদ দিয়ে নিট সম্পদ বের করুন

০৩

২.৫% হিসাব করুন

নিট সম্পদ নিসাবের সমান বা বেশি হলে তার ২.৫% আপনার যাকাত

আপনার যাকাত পৌঁছে যায় সরাসরি একটি পরিবারের কাছে

সক্ষম · মুদি দোকানভিত্তিক জীবিকা

যাকাত সংক্রান্ত প্রশ্নে কল করুন **01701666300** · সম্পূর্ণ হিসাবের জন্য **obhizatrik.org/zakat-calculator**

03 / ZAKAT ELIGIBILITY

কারা যাকাত গ্রহণের যোগ্য?

সূরা আত-তাওবাহর ৬০ নম্বর আয়াতে যাকাত পাওয়ার যোগ্য আটটি শ্রেণির কথা বলা হয়েছে।

০১

ফকির

দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী ও অভাবগ্রস্ত

০২

মিসকিন

একেবারে নিঃস্ব ও অসহায়

০৩

আমিল

যাকাত সংগ্রহ ও বিতরণে নিয়োজিত

০৪

মুআল্লাফাতুল কুলুব

নওমুসলিম ও যাদের মন ইসলামের প্রতি আকৃষ্ট করা হয়

০৫

দাসমুক্তি

বন্দি বা অন্যায়ভাবে আটক ব্যক্তির মুক্তি

০৬

ঋণগ্রস্ত

ঋণের বোঝায় পিষ্ট, শোধ করার সামর্থ্য নেই

০৭

ফি সাবিলিল্লাহ

আল্লাহর পথে সংগ্রামরত ও দ্বীন প্রতিষ্ঠায় কর্মরত

০৮

মুসাফির

পথে সম্বলহীন হয়ে পড়া ব্যক্তি

> إِنَّمَا الصَّدَقَاتُ لِلْفُقَرَاءِ وَالْمَسَاكِينِ وَالْعَامِلِينَ عَلَيْهَا وَالْمُؤَلَّفَةِ قُلُوبُهُمْ وَفِي الرِّقَابِ وَالْغَارِمِينَ وَفِي سَبِيلِ اللَّهِ وَابْنِ السَّبِيلِ ۖ فَرِيضَةً مِّنَ اللَّهِ ۗ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ
>
> "যাকাত কেবল ফকির, মিসকিন, যাকাতের কাজে নিয়োজিত কর্মচারী, যাদের মন জয় করা প্রয়োজন তাদের জন্য, দাসমুক্তিতে, ঋণগ্রস্তদের জন্য, আল্লাহর পথে এবং মুসাফিরদের জন্য; এটি আল্লাহর নির্ধারিত বিধান। আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।"
>
> সূরা আত-তাওবাহ, আয়াত ৬০

পৃথক তহবিল, স্পষ্ট জবাবদিহিতা

অভিযাত্রিকে যাকাত সাধারণ তহবিল থেকে আলাদা হিসাবে সংরক্ষিত হয়। প্রশাসনিক ব্যয় যাকাত তহবিল থেকে নেওয়া হয় না, এবং যাকাতের সম্পদ উপকারভোগীর নিজের মালিকানায় (তামলিক) তুলে দেওয়া হয়। প্রতিবছর স্বাধীন নিরীক্ষা হয় এবং যাকাত ব্যবহারের প্রতিবেদন দাতাদের কাছে পাঠানো হয়।

04 / SHARIAH GOVERNANCE

আস্থার ভিত্তি শরিয়াহ বোর্ড

অভিযাত্রিক ফাউন্ডেশনের রয়েছে চারজন বিজ্ঞ আলেমের সমন্বয়ে গঠিত একটি স্বতন্ত্র শরিয়াহ বোর্ড। ২০২১ সাল থেকে এই বোর্ডের তত্ত্বাবধানে যাকাতের সকল আয়-ব্যয়, উপকারভোগী বাছাই ও বিতরণ প্রক্রিয়া পরিচালিত হয়।

মুফতি ওবায়দুর রহমান হাম্মাদ

মুহাদ্দিস, জামি'আ দারুল উলুম; প্রশিক্ষক ও প্রধান, আইএফএ কনসালটেন্সি, ঢাকা

মুফতি শেখ বেলাল মাহমুদী

প্রিন্সিপাল, দারুল উলুম মুহাম্মাদিয়া মাদ্রাসা, ঢাকা

মুফতি ইবরাহীম খলীল রাহমানী

প্রিন্সিপাল, মাদ্রাসাতুল হুদা আল আরাবিয়া, ঢাকা

মুফতি নেয়ামতুল্লাহ

সহকারী প্রধান মুফতি, মারকাজাতুল তাকওয়া আল ইসলামিয়া, ঢাকা

যেভাবে বণ্টন নিশ্চিত করি

০১
দাতার যাকাত সংগ্রহ ও আলাদা হিসাব

০২
মাঠ জরিপে উপকারভোগী চিহ্নিতকরণ

০৩
শরিয়াহ বোর্ডের যাচাই ও অনুমোদন

০৪
সম্পদ হস্তান্তর (তামলিক) ও প্রশিক্ষণ

০৫
তদারকি ও দাতাকে প্রতিবেদন

SUSTAINABLE LIVELIHOOD · SINCE 2016

সক্ষম

যাকাতের অর্থে একটি পরিবারের স্থায়ী জীবিকা

৩,২০০+	**১৮**	**১০**	**৪**
পরিবার স্বাবলম্বী	জেলায় কার্যক্রম	বছরের অভিজ্ঞতা	সদস্যের শরিয়াহ বোর্ড

বাংলাদেশে সাধারণত যাকাতের অর্থ দিয়ে খাদ্য ও পোশাক বিতরণ করা হয়, যা অল্প সময়ের জন্য দুঃস্থদের মুখে হাসি ফোটালেও তাদের জীবনে দীর্ঘমেয়াদী পরিবর্তন আনে না। দারিদ্র্যের চক্র থেকে মানুষকে মুক্ত করে স্বনির্ভরতার পথে এগিয়ে নিতে অভিযাত্রিক ২০১৬ সাল থেকে পরিচালনা করছে টেকসই জীবিকা উন্নয়ন কর্মসূচি **'সক্ষম'**। প্রতিটি পরিবারকে তার দক্ষতা ও সম্ভাবনা অনুযায়ী জীবিকার উপকরণ, প্রশিক্ষণ ও এক বছরের ফলোআপ দিয়ে স্বাবলম্বী করে তোলা হয়; একবার যাকাত গ্রহণকারী পরিবারটি যেন ভবিষ্যতে নিজেই যাকাতদাতা হতে পারে, সেটাই আমাদের লক্ষ্য।

শরিয়াহসম্মত ব্যবহার

চারজন বিজ্ঞ আলেমের শরিয়াহ বোর্ডের তত্ত্বাবধানে কেবল যোগ্য উপকারভোগীদের জন্য।

স্থায়ী দারিদ্র্য বিমোচন

ত্রাণ নয়; উপকরণ, প্রশিক্ষণ ও কর্মসংস্থানে স্থায়ী পরিবর্তন।

স্বচ্ছতা ও জবাবদিহিতা

উপকারভোগীর পরিচয়, ছবি ও অগ্রগতির প্রতিবেদন দাতাকে জানানো হয়।

সক্ষম প্রতিবেদন ২০২৬

কোডটি স্ক্যান করলেই পূর্ণাঙ্গ বাংলা প্রতিবেদন (PDF) খুলে যাবে

ইংরেজি সংস্করণ: obhizatrik.org/shokkhom

SHOKKHOM / 01

গবাদিপশু ভিত্তিক জীবিকা মডেল

গরু, ছাগল, ভেড়া, হাঁস-মুরগি ও মাছ চাষ

গরু পালন · সক্ষম ১০০৪

হাঁস পালন · সক্ষম ৯৯১

যাকাতের আওতাভুক্ত

1.1	গরু (একটি)	৳৭০,০০০
1.2	গরু ও বাছুর	৳৯০,০০০
1.3	হাইব্রিড গরু (ডেইরি জাত)	৳১,৫০,০০০
1.4	গরু মোটাতাজাকরণ প্রকল্প	৳৮০,০০০
1.5	ছাগল (একটি) / ছাগল (এক জোড়া)	৳১৫,০০০ / ৩০,০০০
1.6	ভেড়া (এক জোড়া)	৳২৫,০০০
1.7	ডিমপাড়া মুরগির খামার	৳৯০,০০০
1.8	ব্রয়লার মুরগির খামার	৳৭৫,৩৭৩
1.9	ছোট পরিসরে হাঁস-মুরগির খামার / খামার স্থাপন	৳২৫,০০০ / ৪০,০০০
1.10	মাছের যোগান ও মাছের খাবার	৳২৫,০০০
1.11	মাছ, মাছের খাবার ও ছোট পুকুর	৳৫০,০০০
1.12	মাছ ও বড় পুকুর	৳১,৫০,৭৫০

SHOKKHOM / 02 + 04

পরিবহন ও কৃষি

যাতায়াত ও চাষাবাদভিত্তিক জীবিকা প্যাকেজ

পরিবহন · প্যাডেল রিকশা

কৃষি · সবজি চাষ

পরিবহন ভিত্তিক ব্যবসায়িক মডেল

প্যাডেল রিকশা, ভ্যান, অটোরিকশা ও ব্যাটারিচালিত পিকআপ

যাকাতের আওতাভুক্ত

2.1	নতুন প্যাডেল রিকশা	৳২৭,০০০
2.2	পণ্য পরিবহনের জন্য নতুন ভ্যান	৳২৩,০০০
2.3	প্রতিবন্ধী ব্যক্তির জন্য নতুন অটোরিকশা	৳১,২৫,০০০
2.4	পরিবহন সেবার জন্য পিকআপ (ব্যাটারিচালিত)	৳৩,০০,০০০

কৃষি ভিত্তিক ব্যবসায়িক মডেল

বীজ, সার, কৃষি সরঞ্জাম ও যন্ত্রপাতি

যাকাতের আওতাভুক্ত

4.1	বীজ, সার ও অন্যান্য কৃষি সরঞ্জাম	৳৫০,০০০
4.2	জমি লিজসহ জমিতে বীজ ও সারসহ চাষাবাদ	৳১,০০,০০০
4.3	কৃষিকাজের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম ও উপকরণ	৳৬০,০০০
4.4	কৃষকদের একটি দলকে একটি পাওয়ার টিলার	৳১,৪৬,০০০

SHOKKHOM / 03

ক্ষুদ্র উদ্যোগ

মুদি দোকান, চায়ের দোকান, দর্জি ও ভ্যানে ব্যবসা

মুদি দোকান · সক্ষম প্রকল্প

যাকাতের আওতাভুক্ত

3.1	ব্যবসার জন্য নতুন ভ্যান / ব্যবসার মূলধন	৳৩০,১০০ / ২০,০০০
3.2	নতুন মুদি দোকান (সরঞ্জাম ও পণ্যসহ)	৳৮০,৬২৫
3.3	মুদি দোকান সংস্কার	৳৪০,০০০
3.4	নতুন সেলাই মেশিন (দর্জি)	৳১৫,০০০
3.5	দুটি মেশিনসহ দর্জি দোকান স্থাপন / সংস্কার	৳৪০,০০০ / ২০,০০০
3.6	নতুন দোকান (সরঞ্জাম ও পণ্যসহ) / ছোট দোকান সংস্কার	৳৪০,০০০ / ২৫,০০০
3.7	নতুন চায়ের দোকান (সরঞ্জাম ও পণ্যসহ) / সংস্কার	৳৪০,৩৭৫ / ৩০,০০০
3.8	নতুন খাবারের দোকান (সরঞ্জাম ও পণ্যসহ) / সংস্কার	৳৫০,০০০ / ৩০,০০০

আংশিক যাকাতেও একটি জীবিকা গড়ে ওঠে

বড় প্যাকেজের পুরো খরচ একা দিতে না পারলে ৳৫,০০০ বা তার গুণিতকে অংশ নিন। কয়েকজন দাতার যাকাত মিলে একটি পরিবার স্বাবলম্বী হবে; প্রত্যেক দাতা উপকারভোগীর পরিচয় ও অগ্রগতির প্রতিবেদন পাবেন।

"মহামারিতে আমার কোনো কাজ রইল না। ভ্যানের ব্যবসা ভেঙে পড়ল, আর সবচেয়ে দামি হাতিয়ার ভ্যানটাই বেচে দিতে হলো। এখন ভাড়ার ভ্যানে নয়, নিজের ভ্যানে কাজ করি। একটু একটু করে লাভের মুখ দেখছি, ঋণ শোধ করতে পারছি।"

মো. লুৎফর · ভ্যান মালিক · সক্ষম ৯৬৯ · মিরপুর, ঢাকা

SHOKKHOM / 05

নারী উদ্যোক্তা ক্ষমতায়ন

পোশাক, হস্তশিল্প, নার্সারি, ঘরে তৈরি খাবার ও বুটিক

ছাগল পালন · সক্ষম ৯৮৭

মুদি দোকান · সক্ষম নারী

		যাকাতের আওতাভুক্ত
5.1	কাপড়/পোশাক ব্যবসা: সরঞ্জাম ও স্থাপনা	৳১৫,০০০
5.2	আঙিনা/ছাদ বাগান: বীজ, চারা, টব ও সরঞ্জাম	৳২০,০০০
5.3	হস্তশিল্প ব্যবসা: সরঞ্জাম ও স্থাপনা (দলগত)	৳৪০,০০০
5.4	কারুশিল্প ব্যবসা: সরঞ্জাম ও স্থাপনা (দলগত)	৳৪০,০০০
5.5	হ্যান্ড ব্লক ব্যবসা: সরঞ্জাম ও স্থাপনা (দলগত)	৳৫০,০০০
5.6	নার্সারি দোকান: চারা, টব ও সরঞ্জাম (দলগত)	৳৫০,০০০
5.7	ঘরে তৈরি খাবার সরবরাহ: রান্নার সরঞ্জাম	৳৬০,০০০
5.8	কনভেনিয়েন্স স্টোর: সম্পূর্ণ স্থাপনা ও সরবরাহ	৳৮০,০০০
5.9	মহিলাদের বুটিক দোকান: সম্পূর্ণ স্থাপনা ও সরবরাহ	৳৮০,০০০

05 / OTHER ZAKAT SECTORS

শিক্ষায় এগিয়ে যাওয়ার সুযোগ

অভিযাত্রিক স্কুলের শিক্ষার্থী

সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষাদান

আমাদের সমাজে বহু সুবিধাবঞ্চিত শিশু মৌলিক শিক্ষা থেকে বঞ্চিত। আপনার যাকাতে একজন এতিম বা দরিদ্র শিশুর শিক্ষা নিশ্চিত করা সম্ভব। অভিযাত্রিক স্কুলের দুটি শাখায় ৬০০-এর বেশি শিক্ষার্থী পড়ছে, যাদের মধ্যে শতাধিক শিশু আপনার সহায়তার অপেক্ষায়।

এক মাসের শিক্ষা ব্যয় (ফি, বই ও উপকরণ)	ছয় মাসের নিরবচ্ছিন্ন শিক্ষা	এক বছরের শিক্ষা
৳১,৫০০	**৳৯,০০০**	**৳১৮,০০০**

এতিম শিশুকে কুরআনে হিফজ শিক্ষায় সাহায্য

একজন শিশু যদি এতিম এবং দরিদ্র হয়, তবে সে যাকাত গ্রহণের উপযুক্ত। এই শিশু কুরআন হিফজ বা ইসলামি শিক্ষা গ্রহণ করলে দাতা দ্বীনের প্রচার ও সংরক্ষণের সওয়াবও লাভ করবেন।

একজন শিশুর এক মাসের মাদ্রাসার খরচ	একজন শিশুর এক বছরের মাদ্রাসার খরচ	তিন বছরে হিফজ সম্পন্ন করার সম্পূর্ণ খরচ
৳৪,০০০	**৳৪৮,০০০**	**৳১,৪৪,০০০**

06 / OTHER ZAKAT SECTORS

চিকিৎসা ও ঋণমুক্তির সহায়তা

সুবিধাবঞ্চিত মানুষের জন্য সুচিকিৎসা

আমাদের সমাজে অসংখ্য মানুষ গুরুতর রোগে ভুগছেন, যাঁদের চিকিৎসার ব্যয় তাঁদের জন্য এক দুঃসহ বোঝা। যখন একবেলা খাবার জোগাড় করাই কষ্টসাধ্য, তখন চিকিৎসা যেন এক বিলাসিতা। আপনার যাকাতের অর্থ ছোট-বড় অপারেশন, ক্যান্সার চিকিৎসা, কেমোথেরাপি, কিডনি ডায়ালাইসিসসহ বিভিন্ন চিকিৎসায় ব্যয় করা হয়।

ন্যূনতম অনুদান **৳১০,০০০** থেকে যেকোনো পরিমাণ

ঋণে জর্জরিত মানুষের সাহায্য

যারা স্বল্প আয়ে জীবনধারণের ন্যূনতম চাহিদা পূরণে অক্ষম এবং জমে থাকা ঋণ পরিশোধ করতে পারছেন না, তারা যাকাত পাওয়ার যোগ্য (আল-গারিমিন)। প্রয়োজনীয় চাহিদা মেটাতে নেওয়া ঋণের কিছু বৈধ কারণ:

- ০১ পরিবারের মৌলিক চাহিদা পূরণ
- ০২ কন্যার বিয়ের খরচজনিত ঋণ
- ০৩ চিকিৎসার ব্যয়ভার বহন
- ০৪ নিজ বাসস্থানের জন্য বাড়ি নির্মাণ বা ক্রয়জনিত ঋণ
- ০৫ প্রাকৃতিক দুর্যোগ বা দুর্ঘটনায় সম্পদহানি
- ০৬ মৃত ব্যক্তির দাফন কার্যক্রম

> مَّثَلُ الَّذِينَ يُنفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللَّهِ كَمَثَلِ حَبَّةٍ أَنبَتَتْ سَبْعَ سَنَابِلَ فِي كُلِّ سُنبُلَةٍ مِّائَةُ حَبَّةٍ ۗ وَاللَّهُ
> يُضَاعِفُ لِمَن يَشَاءُ ۗ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ
>
> “যারা আল্লাহর পথে নিজেদের সম্পদ ব্যয় করে, তাদের উপমা একটি বীজের মতো, যা থেকে সাতটি শীষ জন্মায়, আর প্রতিটি শীষে থাকে একশত দানা। আল্লাহ যাকে ইচ্ছা বহুগুণ বাড়িয়ে দেন। আল্লাহ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।”
>
> সূরা আল-বাকারা, আয়াত ২৬১

07 / SADAQAH & IFTAR

সবার জন্য ইফতার

আপ্যায়ন কমিউনিটি কিচেনে ইফতার

সাদাকাহর গুরুত্ব

> الَّذِينَ يُنفِقُونَ أَمْوَالَهُم بِاللَّيْلِ وَالنَّهَارِ سِرًّا وَعَلَانِيَةً فَلَهُمْ أَجْرُهُمْ عِندَ رَبِّهِمْ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ
>
> “যারা রাতে-দিনে গোপনে ও প্রকাশ্যে তাদের মাল-সম্পদ খরচ করে, তাদের প্রতিদান রয়েছে তাদের প্রতিপালকের কাছে; তাদের কোনো ভয় নেই এবং তারা চিন্তিতও হবে না।”
>
> সূরা আল-বাকারা, আয়াত ২৭৪

সাদাকাহ শুধু অভাবীদের সহায়তাই করে না; এটি দানকারীর জন্য আত্মার পরিশুদ্ধি, বিপদ থেকে রক্ষা ও অশেষ সওয়াবের কারণ। যাকাতের বাইরেও রমজানে আপনার সাদাকাহ, সাদাকাতুল ফিতর ও নফল দান অভিযাত্রিকের মাধ্যমে সরাসরি অভাবী মানুষের কাছে পৌঁছে যায়।

আপ্যায়ন কমিউনিটি কিচেন

প্রতিবছর আমাদের **“আপ্যায়ন কমিউনিটি কিচেন”**-এ সবার জন্য ইফতারের আয়োজন করা হয়। রিকশাচালক, দিনমজুর, বয়স্ক মানুষ, এতিম শিশু থেকে শুরু করে যেকোনো রোজাদার এখানে ইফতারে অংশ নিতে পারেন। আপনি একজন বা একাধিক রোজাদারের ইফতারের দায়িত্ব নিতে পারেন কিংবা স্বেচ্ছাশ্রমে অংশ নিতে পারেন।

একজনের একদিনের ইফতার	একজনের দশ দিনের ইফতার	একজনের ত্রিশ দিনের ইফতার
৳৭৫	**৳৭৫০**	**৳২,২৫০**

> **নবী কারীম (সা.) বলেন:** “যে ব্যক্তি কোনো রোজাদারকে ইফতার করায়, সে রোজাদারের সমান সওয়াব পায়; আর তাতে রোজাদারের সওয়াব একটুও কমে না।” [জামে তিরমিজি, হাদিস ৮০৭; ইমাম তিরমিজির মতে হাসান সহিহ]

08 / RAMADAN & EID

আনন্দ হোক সবার জন্য

রমজানের বাজার

রমজানে অনেক পরিবার অর্থনৈতিক সংকটে পর্যাপ্ত ও স্বাস্থ্যকর খাবার জোগাড় করতে পারে না। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে সেহরি-ইফতারের আয়োজন কঠিন হয়ে পড়ে।

এক সপ্তাহের বাজার	দুই সপ্তাহের বাজার	এক মাসের বাজার
৳১,৫০০	৳৩,০০০	৳৬,০০০

ঈদ বাজার

সকলের সাথে ঈদের আনন্দ ভাগাভাগির মাধ্যমেই প্রকৃত সুখ। দরিদ্র পরিবারের জন্য ঈদ বাজার পাঠিয়ে সেই আনন্দে শরিক হোন।

একটি পরিবার	পাঁচটি পরিবার	দশটি পরিবার
৳১,৫০০	৳৭,৫০০	৳১৫,০০০

ঈদের নতুন জামা

শিশুর কাছে ঈদ মানেই নতুন জামা। আর্থিক টানাপোড়েনে অনেক শিশু সেই আনন্দ থেকে বঞ্চিত হয়; আপনার ছোট অনুদান তাদের মুখে হাসি ফোটাতে পারে।

১–৫ বছর বয়সী শিশু	৫–১০ বছর বয়সী শিশু	১১–১৫ বছর বয়সী শিশু
৳৩৫০	৳৫০০	৳৮৫০

রমজানের খাদ্য সহায়তা বিতরণ

কমিউনিটি ডেভেলপমেন্ট

সাময়িক সহায়তার পরিবর্তে দারিদ্র্যের মূল কারণ মোকাবিলায় ঝুঁকিপূর্ণ গ্রামে শিক্ষা, স্বাস্থ্য ও অর্থনৈতিক ক্ষমতায়নে সমন্বিত উন্নয়ন কার্যক্রম।

একটি পরিবারের ঘর নির্মাণ	কমিউনিটির জন্য নলকূপ	৫ পরিবারের জন্য টয়লেট	কমিউনিটির জন্য মসজিদ
৳১,০০,০০০	৳৫০,০০০	৳৭০,০০০	৳৫,০০,০০০



ঈদের আনন্দ ভাগাভাগি

সবার জন্য ইফতার আয়োজন

09 / HOW TO DONATE

অনুদান পাঠানোর মাধ্যম

যাকাত পাঠানোর সময় অনুগ্রহ করে "যাকাত" উল্লেখ করুন, যাতে অর্থটি আলাদা যাকাত তহবিলে জমা হয়।

BANK TRANSFER

Account name	OBHIZATRIK Foundation
Account no.	00280210010529
Bank	Trust Bank PLC, Mirpur Branch
SWIFT / Routing	TTBLBDDH / 240262987
PayPal	info@obhizatrik.org

MOBILE BANKING · MERCHANT

01701666305

বিকাশ · নগদ · উপায় · ট্রাস্ট ব্যাংক ট্যাপ · ওকে ওয়ালেট

রকেট বিলার আইডি **160**

বিকাশ অ্যাপের **'ডোনেশন'** সেকশনে **'অভিযাত্রিক ফাউন্ডেশন'** নির্বাচন করেও দান করা যায়।

BANGLA QR

বাংলা কিউআর স্ক্যান করে দান করুন

বাংলা কিউআর সমর্থিত যেকোনো ব্যাংক বা মোবাইল ব্যাংকিং অ্যাপে **Scan QR** চেপে এই কোডটি স্ক্যান করুন, পরিমাণ লিখুন, রেফারেন্সে **যাকাত** বা **সাদাকাহ** লিখুন। একটি কোড, সব অ্যাপে।

Merchant: **OBHIZATRIK FOUNDATION · 01701666305**

bKash · Nagad · Rocket · Upay · Tap · OK Wallet · Astha · Citytouch · CellFin · Nexus Pay · MTB

+ any Bangla QR enabled bank app

অনলাইনে দিন

কার্ড, বিকাশ, নগদ বা ব্যাংক — এক জায়গায়

obhizatrik.org/ways-to-give

যাকাত হিসাব ও পরিশোধ

ক্যালকুলেটরে হিসাব করে সরাসরি যাকাত দিন

obhizatrik.org/zakat-calculator

অন্য যেসব উপায়ে যোগাযোগ ও অনুদান পাঠাতে পারেন

টেলিফোনের মাধ্যমে

যেকোনো তথ্য জানতে বা অনুদান পাঠাতে সরাসরি যোগাযোগ করুন। যাকাত হেল্পলাইন: **01701666300**

ইমেইলের মাধ্যমে

info@obhizatrik.org ঠিকানায় মেইল পাঠাতে পারেন।

অফিসে সরাসরি ভিজিট

বাসা-০৯, রোড-এস ১, ব্লক-এফ, ইস্টার্ন হাউজিং, পল্লবী দ্বিতীয় পর্ব, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ব্যাংক চেকের মাধ্যমে

"OBHIZATRIK Foundation" নামে চেক প্রদান করতে পারেন।

ওয়েবসাইটের মাধ্যমে

কার্ড ও মোবাইল ব্যাংকিংয়ে অনলাইনে: **obhizatrik.org/ways-to-give**

অভিযাত্রিকের প্রতিনিধি প্রেরণ

আমাদের প্রতিনিধি সরাসরি আপনার সাথে সাক্ষাৎ করে তথ্য দিতে কিংবা অনুদান সংগ্রহ করতে পারেন।

অভিযাত্রিক ফাউন্ডেশন এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত (নিবন্ধন নং ৩৩০১/২০২২) একটি অলাভজনক উন্নয়ন সংস্থা। যাকাত তহবিল পৃথক হিসাবে সংরক্ষিত হয় এবং প্রতিবছর স্বাধীন নিরীক্ষার আওতায় আসে। যাকাত ব্যবহারের বার্ষিক প্রতিবেদন দাতাদের ইমেইলে পাঠানো হয় এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

OBHIZATRIK FOUNDATION
CHANGING BANGLADESH SINCE 2010

OBHIZATRIK

رمضان كريم

আপনার যাকাত,
একটি পরিবারের স্থায়ী জীবিকা।

অভিযাত্রিক ফাউন্ডেশন
বাসা-৯, রোড-এস ১, ব্লক-এফ, ইস্টার্ন হাউজিং,
পল্লবী ২য় পর্ব, মিরপুর, ঢাকা-১২১৬

01701666300 (Zakat)
01701666306 · 01701666309
info@obhizatrik.org
/obhizatrik · /obhizatrikfoundation
obhizatrik.org

CHANGING BANGLADESH